

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্রবার, ডিসেম্বর ১৪, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ বিভাগ

অর্থ মন্ত্রণালয়

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ : ১১ ডিসেম্বর, ২০১৮ খ্রিঃ

অর্থ সচিব জনাব আব্দুর রউফ তালুকদার স্বাক্ষরিত ২ (দুই) ও ৫ (পাঁচ) টাকা মূল্যমানের কারেন্সি নোট ইস্যু।

নং ০৭.১৪২.০০৫.০০.০০.০০১০.১২-৭৯—জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি সম্বলিত ২ (দুই) ও ৫ (পাঁচ) টাকা মূল্যমানের কারেন্সি নোটে অর্থ সচিব জনাব আব্দুর রউফ তালুকদার এর স্বাক্ষর সংযোজনপূর্বক নূতন নোট মুদ্রণ করা হয়েছে। আগামী ১২-১২-২০১৮ তারিখ রোজ বুধবার বাংলাদেশ ব্যাংকের মতিঝিল অফিস এবং পরবর্তীতে বাংলাদেশ ব্যাংকের অন্যান্য অফিস থেকে বর্ণিত নোট ইস্যু করা হবে।

অর্থ সচিব জনাব আব্দুর রউফ তালুকদার স্বাক্ষরিত ২ (দুই) ও ৫ (পাঁচ) টাকা মূল্যমানের কারেন্সি নোটের রং, পরিমাপ, জলছাপ, ডিজাইন ও অন্যান্য নিরাপত্তা বৈশিষ্ট্য বর্তমানে প্রচলিত নোটের অনুরূপ হবে। নূতন মুদ্রিত নোটের পাশাপাশি বর্তমানে প্রচলিত থাকা ২ (দুই) ও ৫ (পাঁচ) টাকা মূল্যমানের কাগজে নোট ও ধাতব মুদ্রা যুগপৎ চালু থাকবে।

মফিজ উদ্দীন আহমেদ

যুগ্ম-সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(২৬০৩৯)

মূল্য : টাকা ৪.০০